বাজেট=২০২০-২০২১-১৬৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৯০.২০২১-

তারিখঃ ১৮ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

| | | |
|---|---|---|
| বিষয় | : | বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | মোঃ আখতার হোসেন, সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| স্থান | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ০১/০২/২০২২খ্রি:, সকাল ১১.০০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| সূত্র | : | বাজেট পরিপত্র-১ মোতাবেক সভা। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত সচিব(প্রশাসনও অর্থ) সভার কার্যক্রম পরিচালনা করেন। সভাপতির নির্দেশনা মতে সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) পর্যায়ক্রমে কার্যপত্র অনুসারে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

০২। জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের বাজেট কাঠামো অগ্রগতি ও পর্যালোচনা, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, পরিচালন ও উন্নয়ন খাতের বাজেট প্রাক্কলন, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেট প্রক্ষেপন বিষয়ে নিম্নবর্ণিত ছক ক, খ ও গ মোতাবেক বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করা হয়।

ছক-ক

রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপণ

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন | ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ | ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৮,৪১,৩৪ | ২২,১৫,৪৭ | ২৩,০৭,০১ | ২৫,০০,০০ |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৭৩০,২৬,৯০ | ৭৯৮,৫৮,৮০ | ৮৭৯,০৭,০০ | ৯৬৭,৯৭,৬৮ |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৬,৬৫,০২ | ৩০,১১,৫২ | ৩২,৮২,৬৭ | ৩৫,০০,০০ |
| ৪ | বাংলাদেশ কোস্ট গার্ড | ২,৬২,৯০ | ৩,০০,১৯ | ৪,৫৭,৬০ | ৫,৫৭,৬০ |
| ৫ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৫,৫১,৮৪ | ১৮,৯৭,০২ | ২০,৫৬,৭২ | ২২,৫৬,৭২ |
| | সর্বমোট রাজস্ব প্রাপ্তি | ৭৯৩,৪৮,০০ | ৮৭২,৮৩,০০ | ৯৬০,১১,০০ | ১০৫৬,১২,০০ |

ছক-খ

পরিচালন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা/প্রক্ষেপণ

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রক্ষেপণ | ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১১৯,৪১,০০ | ১৫৫,৫৯,০০ | ৩২৭,৬৯,৩২ | ৫২১,৮৭,৯২ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | ১১,০০ | ১১,০০ | ১১,০০ |
| ৩ | তদন্ত সংস্থা | ১১,৮৯,০০ | ১২,০০,০০ | ১৩,০২,৮২ | ১৭,১৫,০১ |
| ৪ | এনটিএমসি | ২৪৮,১০,০০ | ২৮০,০০,০০ | ২৭৪,৫৬,০০ | ২৮৯,৯৩,৫৩ |
| ৫ | ইন্টারপোল | ৮০,০০ | ৮০,০০ | ৮০,০০ | ৮০,০০ |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৪৮৬৮,৩৫,৩৫ | ১৫৬৯০,০০,০০ | ১৬৭২১,৫৪,৫০ | ১৭৮০৮,৪৪,৫৫ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৭৩৭,২৫,৮৫ | ৩৯১০,০০,০০ | ৪২০৩,০৬,৩৬ | ৪৪৭৬,২৬,২৭ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৬৬০,০০,০০ | ৭২০,০০,০০ | ৭৩৯,২০,০০ | ৭৮০,৫৯,৫২ |
| ৯ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৮৩৯,৭৩,০৪ | ২০১০,০০,০০ | ২১১২,০০,০০ | ২২৩০,২৭,২০ |
| | মোট | ২১৪৮৫,৬৫,২৪ | ২২৭৭৮,৫০,০০ | ২৪৩৯২,০০,০০ | ২৬১২৫,৪৫,০০ |
| ১০ | উন্নয়ন বাজেট | ১৫৯৭,০৮,০০ | ১৭০০,০০,০০ | ১৮০০,০০,০০ | ১৯০০,০০,০০ |
| | সর্বমোট (পরিচালন+ উন্নয়ন) | ২৩০৮২,৭৩,২৪ | ২৪৪৭৮,৫০,০০ | ২৬১৯২,০০,০০ | ২৮০২৫,৪৫,০০ |

চলমান পাতা-২

০৪। সভায় উপস্থাপিত উপর্যুক্ত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা কোষ, মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগন এবং প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা আলোচনায় অংশগ্রহন করেন। আলোচনায় ২০২২-২০২৩ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জন করা কষ্টসাধ্য হবে মর্মে অধিদপ্তরের কর্মকর্তাগন একমত পোষন করেন। তবে সভায় উপস্থিত বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি বলেন যে, বাংলাদেশ পুলিশের আন্তর্জাতিক শান্তি মিশনের কন্টিনজেন্ট কমে যাওয়ায় তাদের আয়ের পরিমাণ কম হবে। তথাপিও প্রদত্ত সিলিং অর্জনের জন্য তারা সচেষ্ট থাকবেন।

০৫। সভায় প্রস্তাবিত বাজেট বিভাজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ প্রসঙ্গে জননিরাপত্তা বিভাগের উন্নয়ন অধিশাখার যুগ্মসচিব, জনাব নাসরীন মুক্তি জানান চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধি এবং নতুন প্রকল্পের অর্থায়নের কারণে ৩২০০,০০,০০,০০০/- (তিন হাজার দুইশত কোটি) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

বাংলাদেশ পুলিশের নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, নতুন পোষাক, খাদ্য, বাসস্থান নির্মাণ, হাসপাতাল নির্মাণ ও আনষাংগিক ব্যয়, পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা বৃদ্ধি, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ/ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাঁড়ি মেরামত ও সংস্কার এবং সিডি/ভ্যাট বাবদ ২৫৫১,০০,০০,০০০/- (দুই হাজার পাঁচশত একান্ন কোটি) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। তাছাড়া, ভ্রমন ব্যয় খাতের অর্থ ১০০% ছাড়করণের অনুরোধ করা হয়।

বিজিবির অস্ত্র ও গোলাবারুদ, আকাশযান মেরামত, ভ্রমন ব্যয়, ভুমি অধিগ্রহণ, অবকাঠামো নির্মাণ, সরঞ্জাম ক্রয়, জলযান ক্রয়, যানবাহন ক্রয়, অবকাঠামো স্থাপন, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, আসবাবপত্র ক্রয়, আবাসিক ভবন ও অনাবাসিক ভবন মেরামত, অন্যান্য ভবন স্থাপনা নির্মানের জন্য ৯৩,৮০,৫৪,০০০/-(তিরানব্বই কোটি আশি লক্ষ চুয়ান্ন হাজার) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন এবং ভ্রমন ব্যয় খাতের অর্থ ১০০% ছাড়করণের অনুরোধ করা হয়।

বাংলাদেশ কোস্ট গার্ড এর তথ্য প্রযুক্তি ও যোগাযোগ সরঞ্জামাদি, ভুমি অধিগ্রহণ খাতে অতিরিক্ত ২৬৮,২২,০০,০০০/- (দুইশত আটষট্টি কোটি বাইশ লক্ষ) টাকা বরাদ্দ প্রয়োজন।

বাংলাদেশ আনসার ও ভ্রমন ব্যয় খাতের অর্থ ১০০% ছাড়করণের অনুরোধ করা হয়। চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল বিধায় অতিরিক্ত অর্থ প্রাক্কলনে অন্তর্ভূক্তির জন্য উপস্থিত প্রতিনিধিগণ অনুরোধ জানান।

৬। অধিদপ্তর/সংস্থাসমূহের অতিরিক্ত চাহিদা মোতাবেক আগামী ২০২২-২০২৩ অর্থ বছরে জননিরাপত্তা বিভাগের প্রস্তাবিত প্রাক্কলন নিম্নরূপ:

পরিচালন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা/প্রক্ষেপণ

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন | ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে অতিরিক্ত দাবী | ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেটে অতিরিক্ত দাবীসহ সর্বেমাট প্রাক্কলন |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১১৯,৪১,০০ | ১৫৫,৫৯,০০ | - | ১৫৫,৫৯,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | ১১,০০ | - | ১১,০০ |
| ৩ | তদন্ত সংস্থা | ১১,৮৯,০০ | ১২,০০,০০ | - | ১২,০০,০০ |
| ৪ | এনটিএমসি | ২৪৮,১০,০০ | ২৮০,০০,০০ | - | ২৮০,০০,০০ |
| ৫ | ইন্টারপোল | ৮০,০০ | ৮০,০০ | - | ৮০,০০ |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৪৮৬৮,৩৫,৩৫ | ১৫৬৯০,০০,০০ | ২৫৫১,০০,০০ | ১৮২৪১,০০,০০ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৭৩৭,২৫,৮৫ | ৩৯১০,০০,০০ | ৯৩,৮০,৫৪, | ৪০০৩,৮০,৫৪ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৬৬০,০০,০০ | ৭২০,০০,০০ | ২৬৮,২২,০০ | ৯৮৮,২২,০০ |
| ৯ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৮৩৯,৭৩,০৪ | ২০১০,০০,০০ | - | ২০১০,০০,০০ |
| | মোট= | ২১৪৮৫,৬৫,২৪ | ২২৭৭৮,৫০,০০ | ২৯১৩,০২,৫৪ | ২৫৬৯১,৫২,৫৪ |
| ১০ | উন্নয়ন বাজেট | ১৫৯৭,০৮,০০ | ১৭০০,০০,০০ | ৩২০০,০০,০০ | ৪৯,০০,০০,০০ |
| | সর্বমোট= | | ২৪৪৭৮,৫০,০০ | ৬১১৩,০২,৫৪ | ৩০৫৯১,৫২,৫৪ |

চলমান পাতা-৩

০৭। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। চলমান করোনা পরিস্থিতিসহ সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি জননিরপত্তা বিভাগ সর্বোচ্চ গুরুত্ব বিবেচনা করে কার্যক্রম গ্রহণ করেছে এবং ইতোমধ্যে অর্থ বিভাগের সহিত ফলপ্রসু আলোচনার মাধ্যমে সিলিং বহির্ভূত অতিরিক্ত বরাদ্দের সংস্থাণ করা হয়েছে। যা অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট বিভাগের সহিত আলোচনা পূর্বক যৌক্তিকভাবে বিভাজন করা হয়েছে। তবে দেশের আইন-শৃংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ,পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য যৌক্তিক সময়ের পূর্বেই শেষ করতে হবে। ভবিষ্যৎ বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের পরিচালন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া সভাপতি অর্থ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

০৮। সরকারের বিভিন্ন পরিকল্পনার সাথে সম্পৃক্ত জননিরাপত্তা বিভাগের বিভিন্ন কার্যক্রম এর লক্ষ্যমাত্রা মধ্যমেয়াদী বাজেট কাঠামো (MBF) এ হালনাগাদকল্পে বিস্তারিত আলোচনা হয়। এ লক্ষ্যে মধ্যমেয়াদী কৌশলগত উদ্দেশ্যের আওতায় বিভিন্ন কার্যক্রম পরিবর্তন আনয়নর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। MBF এর অনুচ্ছেদ ৫.০, ৬.১.১ ও ৬.১.২ এ বর্ণিত তথ্য হালনাগাদকরণের জন্য বিস্তারিত আলোচনা হয়।

০৯। সভায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

(ক) সভায় আগামী ২০২২-২০২৩ অর্থবছরের জন্য পরিচালন ও উন্নয়ন উভয় খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের চাহিদা যৌক্তিকতাসহ অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) মধ্যমেয়াদী বাজেট কাঠামোর (MBF) আওতায় প্রাপ্ত বিভিন্ন প্রস্তাবনা/সংযোজন/সংশোধন বিষয়ে এপিএ এর সাথে সামঞ্জস্যপূর্ণ বাস্তবধর্মী প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) পরিচালন ও উন্নয়ন উভয় বাজেটের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট প্রাক্কলন, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রক্ষেপণ অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-<br>
(মোঃ আখতার হোসেন)<br>
সিনিয়র সচিব<br>
ও<br>
সভাপতি<br>
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

১। ------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব, আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার(এনটিএমসি), তেজগাঁও, ঢাকা।
৭। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৯। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬১৭৬

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.০৬.০৯০.২০২১- ৩৪৭/৭(৪) তারিখঃ ১৮ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ / ০১ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

01/02/2022
(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব